

স্মারক নং ডিডিইএফ/২৫/৯৩

তারিখ: ১৪/০৬/২০২৫

চাকরির বিজ্ঞপ্তি

ডিজেবল ডেভেলপমেন্ট এন্ড এডুকেশনাল ফাউন্ডেশন (ডিডিইএফ) এনজিও বিষয়ক ব্যুরো নিবন্ধন নং ২৬০৮ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নিবন্ধন নং ২১১১২-০০০৪০-০০৮৮২। ডিডিইএফ এর দাপ্তরিক কাজে সহযোগিতার জন্য একজন সহকারী অফিসার (কম্পিউটার) নিয়োগ দেয়া হবে।

দায়িত্ব:

ডিডিইএফ এর দাপ্তরিক কাজের প্রত্যেক দিনের সংগৃহীত তথ্য কম্পিউটারে লিপিবদ্ধকরণ, মাঠ ডিজিট (বিতরণ ও আদায়)। কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সংগঠনের অন্যান্য কার্যক্রম। দৈনিক ও সাপ্তাহিক ঋণ আদায়, বিতরণ ব্যাংক জমা ও সংশ্লিষ্ট রেজিস্টার অনুযায়ী কম্পিউটারে নিয়মিত লিপিবদ্ধকরণ ইত্যাদি।

পার্ট টাইম/ফুল টাইম:

পার্ট টাইম হলে প্রতি সপ্তাহে ন্যূনতম ৩ (তিন) অফিস করতে হবে। পার্টটাইমের জন্য প্রতিমাসে ৪০০০/- (চার হাজার) টাকা এবং ফুল টাইমের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা ও সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি।

প্রয়োজনীয় যোগ্যতা:

ন্যূনতম এসএসসি/এইচএসসি/সমমান পাশ। যে কোন ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা/এনজিও প্রতিষ্ঠানে ২ বছরে বাস্তব অভিজ্ঞতা। গ্রাম পর্যায়ে কাজ করার মনমানসিকতা থাকতে হবে। কর্মঠ ও পরিশ্রমী হতে হবে। যেকোন জেলায়/উপজেলা/ইউনিয়নে বদলী হতে পারে। কম্পিউটার এমএসওয়ার্ড ও এমএসএক্সেল জ্ঞান থাকতে হবে। কোন প্রতিষ্ঠানে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরিতে যোগদানের সময় পূর্ববর্তী প্রতিষ্ঠানের অব্যাহতি পত্র দাখিল করতে হবে। বয়স ১৮-৪০ এর মধ্যে হতে হবে। ৪ বছরের অতিরিক্ত অভিজ্ঞদের বয়স শিথিলযোগ্য। বাংলা ও ইংরেজী টাইপের স্পিড প্রতিমিনিটে কমপক্ষে ৪০ শব্দ হতে হবে।

বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার রায়হানপুর ইউনিয়নের নারী/প্রতিবন্ধী ব্যক্তি/উপজাতিদের অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদন জমাদানের সময়ঃ ৩০ জুন ২০২৫ বিকাল ৫:০০ ঘটিকা। শুধুমাত্র ইমেইলে আবেদন জমা দিতে হবে (ইমেইল: ddef_barguna@yahoo.com)। সরাসরি/ডাক যোগে বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

কর্তৃপক্ষ যেকোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবে।

মো: মাসুম বিল্লাহ

উপ পরিচালক

০১৭১৬৭৩৩৬৭৬

০১৯৭২১৩৬৫৫৮

ddef_barguna@yahoo.com